



চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম।

“আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি”

০১। চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জন্য আউটসোর্সিং এর মাধ্যমে চুক্তিভিত্তিতে ০৩ জন নিরাপত্তা প্রহরী (কম/বেশি হতে পারে) ০৩ বছরের জন্য নিয়োগ করা হবে। নিরাপত্তা প্রহরী সরবরাহে আগ্রহী বাংলাদেশের স্বীকৃত প্রতিষ্ঠান সমূহের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, ক্যাটাগরী, পদের সংখ্যা	মাসিক সেবা মূল্য (জনপ্রতি)	যোগ্যতা, বয়স সীমা	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচি	দরপত্রের নিরাপত্তা জামানত (টাকা)
১	নিরাপত্তা প্রহরী, (ক্যাটাগরী-৫) ০৩ টি	১৬১৩০.০০	এসএসসি পাশ, ১৮-৪০ বছর	১০০০.০০	১৪/০৭/২০২১ খ্রি. হতে ২৭/০৭/২০২১ খ্রি. (অফিস চলাকালীন পর্যন্ত)	৪৭,০০০.০০

শর্তাবলী:

- ০২। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০৩। আগ্রহী দরদাতাগণ লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে যে কোন তফসীলী ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ উল্লিখিত অর্থের বিনিময়ে চট্টগ্রাম পবিস-৩ এর অনুকূলে (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করত: (অফিস চলাকালীন) উল্লিখিত স্থান হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/ কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ ও গ্রহণ করা হবে না।
- ০৪। দরপত্র সমূহ ২৮/০৭/২০২১ খ্রি. তারিখ দুপুর ১২:০৫ ঘটিকার সময় চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি -৩ এর সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। পিপিআর-২০০৮ ও পবিস নির্দেশিকা ৩০০-৩৬ অনুযায়ী দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।
- ০৬। কৃতকার্য দরদাতা কর্তৃক মোট উদ্ধৃত অর্থের ১০% Performance Security ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে জমা প্রদান পূর্বক চুক্তি সম্পাদন করতে হবে। যার মেয়াদ কার্যসম্পাদনের পরবর্তী ৬০ (ষাট) দিন পর্যন্ত থাকতে হবে।
- ০৭। সকল দরপত্র দলিলের খামের উপরে দরদাতার পূর্ণাঙ্গ ঠিকানা, প্যাকেজ নং ও নাম স্পষ্ট করে লিখতে হবে।
- ০৮। প্রতিটি দরপত্রের সাথে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে জামানত বাবদ উপরে বর্ণিত টাকার (ফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ০৯। দরপত্রে উল্লিখিত সার্ভিস কমিশনের হার ৫% এর কম হবে না। বিধি মোতাবেক ভ্যাট ও আইটি কর্তন করে অবশিষ্ট সার্ভিস কমিশন নির্বাচিত প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে প্রদান করা হবে।
- ১০। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পর নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে। সেবা প্রদানকারীর নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- ১১। ০৩ (তিন) বছরের জন্য চুক্তি সম্পাদন করা হবে। সেবা প্রদানকারীর সন্তোষজনক সেবা প্রদানের প্রেক্ষিতে এবং বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে।
- ১২। সেবা প্রদানকারীর সেবামূল্য তার নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।
- ১৩। সরবরাহকারীগণকে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি -৩ কর্তৃক সেবা মূল্য পরিশোধ করা হবে।
- ১৪। দরপত্র দলিলে উল্লিখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।
- ১৫। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে সিনিয়র জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি -৩ বরাবর অফিস চলাকালীন লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১৬। চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি -৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

“শেখ হাসিনার দর্শন- সেবক হয়ে কর্ম সম্পাদন”

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার